

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ২৩২ শিক্ষার্থীকে গবেষণা মঞ্জুরী প্রদান

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অফিসের উদ্যোগে মেডিক্যাল শিক্ষা বিষয়ক উচ্চতর গবেষণার জন্য ২৩২ জন ছাত্রছাত্রীকে গবেষণা মঞ্জুরী প্রদান করা হয়। এরমধ্যে মেডিসিন অনুষদে ১১০ জন, সার্জারি অনুষদের ৭৭ জন, বেসিক সায়েন্স ও প্যারাক্লিনিক্যাল সায়েন্স অনুষদের ৩৭ জন এবং ডেন্টাল অনুষদের ৮ জন শিক্ষার্থী রয়েছে। প্রত্যেক শিক্ষার্থীকে গবেষণার প্রকারভেদে ২৫ থেকে ৪০ হাজার টাকা পর্যন্ত গবেষণার জন্য বরাদ্দ দেয়া হয়। গত ৬ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখ, সোমবার, সকাল ১১টায় এ ব্লকের অডিটোরিয়ামে আয়োজিত এ গুরুত্বপূর্ণ এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের মাঝে গবেষণা মঞ্জুরী প্রদান করেন বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন, সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল। আরো বক্তব্য রাখেন আইকিউএসি-এর ডিরেক্টর ও চক্ষু বিজ্ঞান বিভাগের অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম, নার্সিং অনুষদের সাবেক ডীন অধ্যাপক ডা. শাহানা আখতার রহমান, ডেন্টাল অনুষদের সাবেক ডীন অধ্যাপক ডা. মোঃ শামসুল আলম, মেডিসিন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ আব্দুর রহিম, হেমাটোলজি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মাসুদা বেগম, রেডিওলজি এ্যান্ড ইমেজিং বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. মোঃ এনায়েত করিম, কার্ডিয়াক সার্জারি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ডা. অসিত বরন অধিকারী, লিভার (হেপাটোলজি) বিভাগের অধ্যাপক ডা. সেলিমুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, সকলের সম্মিলিত প্রচেষ্টায় গবেষণা ও মানসম্মত শিক্ষায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিশ্ব র্যাংকিং-এ স্থান করে নিয়েছে। সকলের সম্মিলিত প্রচেষ্টায় এ বিশ্ববিদ্যালয়ে অতীতের যেকোনো সময়ের তুলনায় প্রাণবন্ত ও উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে। তিনি শিক্ষক, ছাত্রছাত্রী, চিকিৎসক, কর্মকর্তা, নার্স ও কর্মচারীসহ সংশ্লিষ্ট সকলকে হাসিখুশি থাকার আহ্বান জানিয়ে আরো বলেন, বর্তমান প্রশাসন গবেষণার উপর গুরুত্বারোপ করেছে। গবেষণা খাতে বরাদ্দ বৃদ্ধি করতে নানামুখী কার্যক্রম অব্যাহত রেখেছে। রেসিডেন্ট শিক্ষার্থীদের মাসিক পারিতোষিক দ্বিগুণ করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। শিক্ষার্থীদের জন্য ১০০০ বেডের হল নির্মাণের উদ্যোগ নেয়া হয়েছে।

সভাপতির বক্তব্যে অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার বলেন, বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে অর্থনৈতিক উন্নয়ন, নিজস্ব অর্থায়নে উন্নয়নসহ সামগ্রিক উন্নয়নে বিস্ময়করভাবে এগিয়ে যাওয়া বাংলাদেশে গবেষণায় বিশেষ করে মেডিক্যাল বা চিকিৎসা বিষয়ক গবেষণায়ও

বাংলাদেশ বিস্ময়করভাবে এগিয়ে যাবে এটাই মাননীয় প্রধানমন্ত্রী প্রত্যাশা করেন। তাই গবেষণার মাধ্যমে নতুন নতুন উদ্ভাবনীতে শিক্ষক, ছাত্রছাত্রী, চিকিৎসকদেরকে নিয়োজিত থাকতে হবে। তিনি আরো বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের লক্ষ্য টাকা উপার্জন নয়; রোগীদের সেবা ও আন্তর্জাতিকমানের মেডিক্যাল শিক্ষা নিশ্চিত করাই প্রধান বিষয়।

বিশেষ অতিথির বক্তব্যে সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ বলেন, মাননীয় প্রধানমন্ত্রীর প্রত্যাশা অনুযায়ী বর্তমান প্রশাসন চিকিৎসাসেবা, চিকিৎসাশিক্ষা ও গবেষণার উপর সর্বাধিক গুরুত্ব দিয়ে কার্যক্রম পরিচালনা করছে। আগামীতে যেসকল শিক্ষার্থীরা আন্তর্জাতিকমানের গবেষণা করবে তাঁদেরকে পুরস্কার প্রদান করা হবে। বিশেষ অতিথির বক্তব্যে সম্মানিত উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ডা. এএসএম জাকারিয়া স্বপন তাঁর বক্তব্যে ইন্সটিটিউশনাল রিভিউ বোর্ড (আইআরবি) বিভিন্ন কার্যক্রম তুলে ধরে বলেন, উন্নতমানের গবেষণা নিশ্চিত করতে আইআরবি-এর কার্যক্রম ত্বরান্বিত করতে প্রয়োজনীয় উদ্যোগ নেয়া হয়েছে। উন্নতমানের গবেষণাকে বাস্তবায়ন করতে ছাত্রছাত্রীদেরকে সংশ্লিষ্ট সম্মানিত শিক্ষকদেরকে প্রয়োজনীয় সময় দিতে হবে। তিনি আরো বলেন, শিক্ষার্থীসহ বাংলাদেশের মানুষ অল্পতেই খুশি এবং উচ্ছ্বসিত হয়। তাঁদের এ খুশি-ই একদিন মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে একটি মঙ্গলময় উন্নত বাংলাদেশ গড়তে সহায়ক হবে।

বিশেষ অতিথির বক্তব্যে সম্মানিত কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল বলেন, গবেষণা মঞ্জুরী বাড়াতে বর্তমান প্রশাসনের পক্ষ থেকে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, অর্থ মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করাসহ বিভিন্ন কার্যক্রম অব্যাহত রেখেছে।

মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খানের রেসিডেন্সি প্রোগ্রামের পরীক্ষা কার্যক্রম পরিদর্শন

গত ৬ ফেব্রুয়ারি ২০১৭ইং তারিখ, সকাল ১১টায় বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান শহীদ ডা. মিলন হু ও ডা. মিল্টন হলে রেসিডেন্সি প্রোগ্রামের পরীক্ষা কার্যক্রম পরিদর্শন করেন। এসময় উপস্থিত ছিলেন অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ডা. মোঃ শারফুদ্দিন আহমেদ, কোষাধ্যক্ষ অধ্যাপক ডা. মোহাম্মদ আলী আসগর মোড়ল, সম্মানিত সিন্ডিকেট সদস্য অধ্যাপক ডা. ছয়েফ উদ্দিন আহমেদ, নাক কান গলা বিভাগের অধ্যাপক ডা. এ এইচ এম জহুরুল হক সানু, ইউরোলজি বিভাগের সহযোগী অধ্যাপক ডা. তোহিদ মোঃ সাইফুল হোসেন দিপু প্রমুখ।